

ঢাকা ওয়াসা

- ১। সাপাশো(রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের লাইভ ড্যাশবোর্ড এর ছবি।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। মালামালের স্পেশিফিকেশন।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

বিষয়ঃ Supply, Installation and Commisssioning of insertion type electromagnetic flow meter at Abul Hotel of SWTP transmission network.

১.০। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। সেই প্রেক্ষিতে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর মাধ্যমে নিউমার্কেট এবং বিডিআর গেট এলাকায় বিদ্যমান মেইন ট্রান্সমিশন লাইনের নোডাল পয়েন্টের মাধ্যমে মডস জোন-২ এবং জোন-৩ এ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত নোডাল পয়েন্টে পানির মেইন ট্রান্সমিশন লাইনে ফ্লোমিটার না থাকার কারণে মডস জোন-২ এবং জোন-৩ এ কি পরিমান পানি সরবরাহ করা হচ্ছে তা সঠিক ভাবে নির্ধারণ/পরিমাপ করা যাচ্ছেনা। বিধায় সায়েদাবাদ পানি শোধনাগারের ফেজ-১ এবং ফেজ-২ এর সরবরাহকৃত পানি পরিমাপের জন্য বিডিআর গেট (নিউমার্কেট) এলাকায় ট্রান্সমিশন লাইনের ভাল্ভ চেম্বারে ই-ফ্লোমিটার স্থাপন করা প্রয়োজন।

২.০। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের উপর ভিত্তি করে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ২৪,৯৮,১৯৮.০২০ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার একশত আটানব্বই দশমিক শূন্য দুই শূন্য) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের PRV & flow-meter Purchases কোড নং-(০২-০১-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

৩.০। ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত সরবরাহ কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র OTM(e-GP) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৬ এবং প্যাকেজ নং-G-05 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA) চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


৪.০। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে Supply, Installation and Commissioning of insertion type electromagnetic flow meter at Abul Hotel of SWTP transmission network. শীঘ্রক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

(ক).উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৬১ (১)এর অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র OTM(e-GP) পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন।


(খ).উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ২৪,৯৮,১৯৮.০২০ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার একশত আটানব্বই দশমিক শূন্য দুই শূন্য) টাকা মাত্র এর অনুমোদন।


(গ).আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় বাজেটের PRV & flow-meter Purchases কোড নং-(০২-০১-০১১) খাত হতে নির্বাহের অনুমোদন।


উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



২৪/০৭/১৫
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৪/০৭/১৫
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৭-০৭-১৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


SE, (WSP-C)


২৭.০৭.১৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


২৪/০৭/১৫
প্রকৌশলী মোঃ আব্দুস সলাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা